১৫

# প্রাক-প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০১৩

সেট : ১
তারিখ : ০৮.১১.২০১৩

[কোড : ঝিলাম]

সময় : ১ ঘণ্টা ২০ মিনিট
পূর্ণমান : ৮০

[দ্রষ্টব্য: প্রতিটি প্রশ্নের মান সমান। ক্যালকুলেটর ব্যবহার নিষিদ্ধ।]

**০১. 'লালসালু' উপন্যাসের লেখক কে?**
ক. সৈয়দ ওয়ালীউল্লাহ খ. শওকত আলী
গ. মুনীর চৌধুরী ঘ. শহীদুল্লা কায়সার
উত্তর: ক ব্যাখ্যা: সৈয়দ ওয়ালীউল্লাহর লালসালু (১৯৪৮) উপন্যাসটি গ্রাম বাংলার সামাজিক প্রেক্ষাপটে রচিত। উপন্যাসটির ইংরেজি অনুবাদের নাম 'Tree Without Roots এবং ফরাসি অনুবাদের নাম l'arbre sans racines।

**০২. 'মরণ রে, তুঁহু মম শ্যাম সমান।' -পঙ্‌ক্তিটির রচয়িতা কে?**
ক. বিহারীলাল চক্রবর্তী খ. অতুলপ্রসাদ সেন
গ. রবীন্দ্রনাথ ঠাকুর ঘ. সুফিয়া কামাল
উত্তর: গ ব্যাখ্যা: 'মরণ রে, তুঁহু মম শ্যাম সমান'- চরণটি রবীন্দ্রনাথ ঠাকুরের 'মরণ' কবিতার অন্তর্গত।

**০৩. 'জন্ডিস ও বিবিধ বেলুন' নাটকটির রচয়িতা কে?**
ক. মামুনুর রশীদ খ. হুমায়ূন আহমেদ
গ. আবুল হায়াত ঘ. সেলিম আল দীন
উত্তর: ঘ ব্যাখ্যা: সেলিম আল দীনের উল্লেখযোগ্য নাটক : জন্ডিস ও বিবিধ বেলুন, যৈবতী কন্যার মন, বনপাংশুল, চাকা, হাতহদাই, মুনতাসীর ফ্যান্টাসি, কীর্তনখোলা, কেরামত মঙ্গল ইত্যাদি।

**০৪. 'বিটপী' শব্দের সমার্থক শব্দ কোনটি?**
ক. পুষ্প খ. বৃক্ষ
গ. পদ্ম ঘ. স্বর্ণ
উত্তর: খ ব্যাখ্যা: 'বিটপী'র সমার্থক শব্দ : বৃক্ষ, গাছ তরু, শাখী, অটবি, মহীরুহ, দ্রুম, শিখরী ইত্যাদি।

**০৫. 'কুটিল' শব্দের বিপরীতার্থক কোনটি?**
ক. অকুটিল খ. বাঁকা
গ. সরল ঘ. হালকা উত্তর: গ

**০৬. বাক্যের প্রতিটি শব্দের সাথে অন্বয় সাধনের জন্য যে সকল বর্ণ যুক্ত হয় তাদের কী বলে?**
ক. কারক খ. বিভক্তি
গ. সমাস ঘ. সম্বন্ধ পদ
উত্তর: খ ব্যাখ্যা: বিভক্তি প্রধানত দুই প্রকার। যথা : ক. শব্দ বিভক্তি খ. ক্রিয়া বিভক্তি।

**০৭. কোনটি করণ কারকে সপ্তমী বিভক্তির উদাহরণ?**
ক. বালকেরা ফুটবল খেলে খ. তাস খেলা ভাল নয়
গ. কাটের জিনিস সহজে ভাঙে ঘ. টাকায় কি না হয়
উত্তর: ঘ ব্যাখ্যা: ক্রিয়া সম্পাদনের যন্ত্র, উপকরণ বা সহায়ককেই করণ কারক বলে। যেমন : আকাশ মেঘে ঢাকা। এ কলমে ভালো লেখা হয়।

**০৮. 'আমাকে যেতে হবে'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**
ক. কর্তৃকারকে দ্বিতীয়া খ. কর্মে দ্বিতীয়া
গ. করণে দ্বিতীয়া ঘ. অপাদানে দ্বিতীয়া উত্তর: খ

**০৯. কোনটি শুদ্ধ বানান?**
ক. SURVEILANCE খ. SARVEILANCE
গ. SURVEILLANCE ঘ. SURVEILLENCE
উত্তর: গ ব্যাখ্যা: surveillance (N) – পাহারা।

**১০. কোন বানানটি শুদ্ধ?**
ক. ENCICLOPEDIA খ. ENCYCLOPAEDIA
গ. ENCICLOPEADIA ঘ. ENCYCLOPEDIA
উত্তর: খ, ঘ ব্যাখ্যা: Encyclopaedia (N) – বিশ্বকোষ। Encyclopedia (N) – বিশ্বকোষ।

**১১. কোন বানানটি শুদ্ধ?**
ক. CALEIDOSCOPE খ. CALEIDOSKOPE
গ. KALAIDOSCOPE ঘ. KALEIDOSCOPE উত্তর: ঘ

**১২. 'Anita is a good girl' বাক্যে 'girl' শব্দটি-**
ক. Proper noun খ. Common noun
গ. Collective noun ঘ. Material noun
উত্তর: খ ব্যাখ্যা: যে Noun কোন এক শ্রেণির ব্যক্তি/বস্তুর প্রত্যেকের সাধারণ নাম বোঝায় সেটিই common Noun। বাক্যে 'girl' Noun টি দ্বারা সাধারণ নাম বোঝানো হচ্ছে। সুতরাং 'girl' Noun টি একটি common Noun।

**১৩. 'Ali saw a flock of sheep' বাক্যে 'flock' শব্দটি-**
ক. Proper noun খ. Common noun
গ. Collective noun ঘ. Material noun
উত্তর: গ ব্যাখ্যা: 'a flock' দ্বারা সাধারণত 'এক ঝাঁক' বোঝানো হয়। সুতরাং 'flock' শব্দটি একটি collective Noun।

**১৪. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**
ক. Television is a wonderful invention
খ. My brother is M.A.
গ. He speaks English like English
ঘ. I feel uneasy. উত্তর: ক

**১৫. নিচের কোন বাক্যটি শুদ্ধ?**
ক. I feel out of sort today.
খ. He tried hardly to succeed.
গ. I have great deal of work to do.
ঘ. Please give me attendance. উত্তর: ক

**১৬. He deals —— rice. বাক্যের শূন্যস্থানে শব্দ বসবে-**
ক. with খ. in
গ. at ঘ. by
উত্তর: খ ব্যাখ্যা: deal in (v) – কোন কিছুর ব্যবসা করা।

**১৭. He died — over eating বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**
ক. from খ. by
গ. in ঘ. to
উত্তর: ক ব্যাখ্যা: Over-eating (অতিভোজন) এ মরার ক্ষেত্রে 'die from' ব্যবহৃত হয়।

**১৮. Mr. Anwar is expert —— physics. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**
ক. at খ. to
গ. in ঘ. with
উত্তর: গ ব্যাখ্যা: Expert in (adj) – কোন বিষয়ে দক্ষ।

**১৯. I am fearful — enemies বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-**
ক. by খ. to
গ. with ঘ. of
উত্তর: ঘ ব্যাখ্যা: be fearful of – আতঙ্কিত হওয়া।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

২০. He is engaged —— writing a book. বাক্যের শূন্যস্থানে সঠিক শব্দ বসবে-

ক. in খ. with
গ. to ঘ. at

উত্তর ✓ ক ব্যাখ্যা be engaged in – কোন কিছুতে নিযুক্ত।

২১. 1 + 2 + 3 + 4 + ........ + 18 = ?

ক. 168 খ. 171
গ. 174 ঘ. 176

উত্তর ✓ খ ব্যাখ্যা সমষ্টি $= \frac{\text{শেষ পদ} + \text{১ম পদ}}{২} \times \text{পদ সংখ্যা}$

$= \frac{18+1}{2} \times 18$

$= 19 \times 9 = 171$

২২. দুই সন্তানের বয়সের গড় ১০ বছর ও মাতাসহ তাদের বয়সের গড় ১৭ বছর হলে, মাতার বয়স কত?

ক. ২৮ বছর খ. ৩০ বছর
গ. ৩১ বছর ঘ. ৩২ বছর

উত্তর ✓ গ ব্যাখ্যা দুই সন্তানের মোট বয়স = (১০ × ২) = ২০ বছর

মাতাসহ দুই সন্তানের মোট বয়স = (১৭ × ৩) = ৫১ বছর

∴ মাতার বয়স = (৫১ – ২০) = ৩১ বছর।

২৩. পিতা ও মাতার বয়সের গড় ৩৬ বছর। পিতা, মাতা ও মেয়ের বয়সের গড় ২৯ বছর হলে মেয়ের বয়স কত হয়?

ক. ১৪ বছর খ. ১৫ বছর
গ. ১৬ বছর ঘ. ১৮ বছর

উত্তর ✓ খ ব্যাখ্যা পিতা ও মাতার মোট বয়স = (৩৬ × ২) = ৭২ বছর

পিতা, মাতা ও মেয়ের মোট বয়স = (২৯ × ৩) = ৮৭ বছর

∴ মেয়ের বয়স = (৮৭ – ৭২) = ১৫ বছর।

২৪. একজন বোলার গড়ে ২২ রান দিয়ে ৬টি উইকেট পান। পরবর্তী খেলায় গড়ে ১৪ রান দিয়ে ৪টি উইকেট পান। তিনি গড়ে উইকেট প্রতি কত রান দিয়েছেন?

ক. ১৪.০ খ. ১৬.০
গ. ১৮.০ ঘ. ১৮.৮

উত্তর ✓ ঘ ব্যাখ্যা ৬টি উইকেট পেতে মোট রান খরচ

= (২২ × ৬) = ১৩২ রান

৪টি উইকেট পেতে মোট রান খরচ (১৪ × ৪) = ৫৬ রান

∴ মোট উইকেট = ৬ + ৪ = ১০টি

মোট রান = ১৩২ + ৫৬ = ১৮৮

উইকেট রান প্রতি দিয়েছেন $= \frac{১৮৮}{১০} = ১৮.৮$

২৫. একজন কলা বিক্রেতা ১ হালি কলা ২০ টাকায় ক্রয় করে ১৮ টাকায় বিক্রয় করলেন। এতে তাঁর শতকরা কত ক্ষতি হবে?

ক. ১০% খ. ১২%
গ. ১৩% ঘ. ১৫%

উত্তর ✓ ক ব্যাখ্যা ক্ষতি = ২০ – ১৮ = ২ টাকা

২০ টাকায় ক্ষতি হয় ২ টাকা

১ " " " $= \frac{২}{২০}$ "

১০০ " " " $= \frac{২ \times ১০০}{২০} = ১০$ টাকা।

২৬. ৭৫ টাকায় ১৫টি বলপেন কিনে ৯০ টাকায় বিক্রয় করলে শতকরা কত লাভ হবে?

ক. ১৬% খ. ১৮%
গ. ২০% ঘ. ২১%

উত্তর ✓ গ ব্যাখ্যা লাভ = ৯০ – ৭৫ = ১৫ টাকা

৭৫ টাকায় লাভ হয় ১৫ টাকা

১ " " " $= \frac{১৫}{৭৫}$ "

১০০ " " " $= \frac{১৫ \times ১০০}{৭৫} = ২০$ টাকা।

২৭. একজন দোকানদার কিছু ডাল ২৩৭৫ টাকায় বিক্রয় করায় তার ৫% ক্ষতি হলো। ঐ ডাল কত টাকায় বিক্রয় করলে, তার ৬% লাভ হতো?

ক. ২৫০০ টাকা খ. ২৫৫০ টাকা
গ. ২৬০০ টাকা ঘ. ২৬৫০ টাকা

উত্তর ✓ ঘ ব্যাখ্যা ক্রয়মূল্য $= \frac{১০০}{১০০ - \text{ক্ষতি}} \times \text{বিক্রয়মূল্য}$

$= \frac{১০০}{১০০ - ৫} \times ২৩৭৫ = \frac{১০০}{৯৫} \times ২৩৭৫ = ২৫০০$

বিক্রয়মূল্য $= \frac{১০০ + \text{লাভ}}{১০০} \times \text{ক্রয়মূল্য}$

$= \frac{১০০ + ৬}{১০০} \times \text{ক্রয়মূল্য} = \frac{১০৬}{১০০} \times ২৫০০ = ২৬৫০$ টাকা

২৮. একটি রাস্তা মোরামত করতে ৩৫ জন শ্রমিকের ১৬ দিন লাগলে, ২৮ জন শ্রমিকের কত দিন লাগবে?

ক. ২০ দিন খ. ২১ দিন
গ. ২২ দিন ঘ. ২৪ দিন

উত্তর ✓ ক ব্যাখ্যা

৩৫ জন শ্রমিকের লাগে ১৬ দিন

১ " " " ৩৫ × ১৬ "

২৮ " " " $\frac{৩৫ \times ১৬}{২৮} = ২০$ দিন।

২৯. ক ও খ একত্রে একটি কাজ ১০ দিনে শেষ করতে পারে। ক একা কাজটি ১৫ দিনে শেষ করতে পারলে, খ একা কাজটি করতে পারে-

ক. ২৪ দিনে খ. ২৮ দিনে
গ. ৩০ দিনে ঘ. ৩২ দিনে

উত্তর ✓ গ ব্যাখ্যা সময় $= \frac{\text{বড় সংখ্যা} \times \text{ছোট সংখ্যা}}{\text{বড় সংখ্যা} - \text{ছোট সংখ্যা}}$

$= \frac{১৫ \times ১০}{১৫ - ১০} = \frac{১৫০}{৫} = ৩০$ দিন

৩০. কোনো পরিবারে মজুত খাদ্যে ৪ জন সদস্যের ১৮ দিন চলে। মেহমান আসায় ঐ খাদ্যে ১২ দিন চললে কতজন মেহমান এসেছিল?

ক. ২ জন খ. ৩ জন
গ. ৪ জন ঘ. ৫ জন

উত্তর ✓ ক ব্যাখ্যা

১৮ দিন খাবার চলে ৪ জনের

১ " " " ১৮ × ৪ "

১২ " " " $\frac{১৮ \times ৪}{১২} = ৬$ জনের।

মেহমান এসেছিল = ৬ – ৪ = ২ জন।


JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS
১৫০০+ চাকরির প্রস্তুতি সহায়ক pdf পেতে

ভিজিট করুন www.exambd.net



৩১. একটি জিনিস ১২০ টাকায় ক্রয় করে ১৪৪ টাকায় বিক্রয় করলে ক্রয়মূল্য ও লাভের অনুপাত কত হবে?

ক. ৭ : ২ খ. ৫ : ১
গ. ৬ : ১ ঘ. ১৫ : ৩

**উত্তর:** খ **ব্যাখ্যা:** লাভ = বিক্রয়মূল্য − ক্রয়মূল্য
= ১৪৪ − ১২০ = ২৪ টাকা
ক্রয়মূল্য ও লাভের অনুপাত = ১২০ : ২৪ = ৫ : ১

৩২. ৬৩ কে ৮ : ৯ অনুপাতে হ্রাস করলে নতুন সংখ্যা হবে-

ক. ৫৬ খ. ৫৮
গ. ৬০ ঘ. ৬২

**উত্তর:** ক **ব্যাখ্যা:** মনে করি, নতুন সংখ্যা x
প্রশ্নমতে, $x : ৬৩ = ৮ : ৯ \Rightarrow \frac{x}{৬৩} = \frac{৮}{৯} \Rightarrow x = \frac{৮ \times ৬৩}{৯}$ $\therefore x = ৫৬$

৩৩. কোন বানানটি শুদ্ধ?

ক. মুহুর্মুহু খ. মূহুমুহু
গ. মুহূর্মুহি ঘ. মুহুর্মুহু

**উত্তর:** ক **ব্যাখ্যা:** কতিপয় শুদ্ধ বানান : মুহুর্মুহু, মধ্যাহ্ন, মনঃকষ্ট, মনীষা, মন্দাক্রান্তা, মন্বন্তর, মরীচিকা, মহর্ষি।

৩৪. কোন বানানটি শুদ্ধ?

ক. ছান্দসিক খ. ছন্দসিক
গ. ছন্দসীক ঘ. ছান্দসীক

**উত্তর:** ক **ব্যাখ্যা:** কয়েকটি শুদ্ধ বানান : ছান্দসিক, সমীচীন, মুমূর্ষু, পরিপক্ব, অপরাহ্ণ, পূর্বাহ্ণ, সায়াহ্ন, নীরোগ, বিবিক্ষা, বিবরণ, মুহূর্ত, শারীরিক, ঊর্ধ্ব, ঊর্মি, ঐন্দ্রিয়ক।

৩৫. 'যে উপকারীর উপকার স্বীকার করে- এক কথায় কী হবে?

ক. অকৃতার্থ খ. কৃতজ্ঞ
গ. কৃতঘ্ন ঘ. অকৃতজ্ঞ

**উত্তর:** খ **ব্যাখ্যা:** কতিপয় এক কথায় প্রকাশ : যে উপকারীর উপকার স্বীকার করে = কৃতজ্ঞ, যে উপকারীর উপকার স্বীকার করে না = অকৃতজ্ঞ, যে উপকারীর অপকার করে = কৃতঘ্ন।

৩৬. 'কোনোভাবেই যা নিবারণ করা যায় না' এক কথায় কী হবে?

ক. অনন্য খ. অসম্ভব
গ. অনিবার্য ঘ. অনিবারিত

**উত্তর:** গ **ব্যাখ্যা:** কতিপয় এক কথায় প্রকাশ : অকালে পক্ব হয়েছে যা- অকাল পক্ব, অক্ষির সমক্ষে বর্তমান- প্রত্যক্ষ, অনেকের মধ্যে একজন- অন্যতম, আপনাকে কেন্দ্র করে যার চিন্তা- আত্মকেন্দ্রিক।

৩৭. 'আট কপালে' কোন বাগ্‌ধারা দিয়ে প্রকাশ করা হবে?

ক. হতভাগ্য খ. ভাগ্যবান
গ. সরু কপাল ঘ. চওড়া কপাল

**উত্তর:** ক **ব্যাখ্যা:** কতিপয় গুরুত্বপূর্ণ বাগ্‌ধারা : ত্রিশঙ্কু অবস্থা (মধ্যাবস্থা), তাল পাতার সেপাই (ক্ষীণজীবী), তাসে শাচন (দুরবস্থার একশেষ), তেল-নুন-লকড়ি (মৌলিক প্রয়োজন), তোলা হাঁড় (গম্ভীর)।

৩৮. 'বইপড়া' কোন সমাস?

ক. কর্মধারয় খ. বহুব্রীহি
গ. অব্যয়ীভাব ঘ. তৎপুরুষ

**উত্তর:** ঘ **ব্যাখ্যা:** বইপড়া = বইকে পড়া (দ্বিতীয়া তৎপুরুষ সমাস)।

৩৯. 'উপকথা' কোন সমাস?

ক. কর্মধারয় খ. অব্যয়ীভাব
গ. বহুব্রীহি ঘ. দ্বিগু

**উত্তর:** খ **ব্যাখ্যা:** উপকথা = কথার সদৃশ (অব্যয়ীভাব সমাস)।

৪০. 'সুবর্ণ' কোন সমাস?

ক. কর্মধারয় খ. তৎপুরুষ
গ. বহুব্রীহি ঘ. অব্যয়ীভাব

**উত্তর:** ক **ব্যাখ্যা:** সুবর্ণ = সুন্দর রং বিশিষ্ট (কর্মধারয় সমাস)।

৪১. 'ষোড়শ' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. ষট + দশ খ. সড় + শ
গ. ষোড় + অশ ঘ. ষোড় + শ

**উত্তর:** ক **ব্যাখ্যা:** নিপাতনে সিদ্ধ সংস্কৃত ব্যঞ্জনসন্ধি : আ + চর্য = আশ্চর্য, আ + পদ = আস্পদ, বন + পতি = বনস্পতি, মনস্ + ঈষা = মনীষা, ষট + দশ = ষোড়শ, এক + দশ = একাদশ, বৃহৎ + পতি = বৃহস্পতি, গো + পদ = গোষ্পদ, পর + পর = পরস্পর, পতৎ + অঞ্জলি = পতঞ্জলি।

৪২. 'গায়ক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. গা + অক খ. গৈ + অক
গ. গা + যক ঘ. গো + অক

**উত্তর:** খ **ব্যাখ্যা:** স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয়। যেমন :

| | |
|---|---|
| শে + অন = শয়ন | নৈ + অক = নায়ক |
| নৌ + ইক = নাবিক | পো + অন = পবন |

৪৩. 'গবেষণা' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. গব + এষণা খ. গবে + এষণা
গ. গৌ + এষণা ঘ. গো + এষণা

**উত্তর:** ঘ **ব্যাখ্যা:** স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয়। যেমন :

| | |
|---|---|
| গো + আদি = গবাদি | পৌ + অক = পাবক |
| বে + অন = বয়ন | পো + ইত্র = পবিত্র |

৪৪. 'ভাবুক' শব্দের সন্ধিবিচ্ছেদ কোনটি?

ক. ভৌ + উক খ. ভো + উক
গ. ভাব + উক ঘ. ভৌ + অক

**উত্তর:** ক **ব্যাখ্যা:** স্বরবর্ণ পরে থাকলে এ-কারের স্থানে অয়, ঐ-কারের স্থানে আয়, ও-কারের স্থানে অব এবং ঔ-কারের স্থানে আব হয়। যেমন :

| | |
|---|---|
| শে + অন = শয়ন | নৌ + ইক = নাবিক |
| নৈ + অক = নায়ক | গৈ + অক = গায়ক |

৪৫. 'I am writing a letter'- বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-

ক. A letter is written by me
খ. A letter was written by me
গ. A letter was being written by me
ঘ. A letter is being written by me

**উত্তর:** ঘ **ব্যাখ্যা:** Present continuous tense এর verb এর Passive form টি হবে am/is/are + being + $V_3$।

৪৬. 'Give the order' - বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-

ক. Let the order to give. খ. Let the order given.
গ. Let the order be given. ঘ. Let the order give.

**উত্তর:** গ **ব্যাখ্যা:** Imperative sentence কে Active থেকে Passive voice এ রূপান্তর করতে হলে নিম্নোক্ত নিয়মটি অনুসৃত হয়।
**struct:** Let + Subject + be + $V_3$।

৪৭. 'Do not hate the poor' বাক্যটির সঠিক পরিবর্তিত voice হবে-

ক. Let not the poor be hated. খ. Let the poor not be hated.
গ. Let not the poor hate. ঘ. Let poor not be hate.

**উত্তর:** ক **ব্যাখ্যা:** 'Do not' যুক্ত imperative sentence Active Voice কে Passive Voice এ রূপান্তরের নিয়ম
**struct:** Let not + sub + be + $V_3$।

**৪৮. Asad said to me, "I want to go to school now."- বাক্যটির Indirect speech হবে-**

ক. Asad said to me that he wanted to go to school now.
খ. Asad said to me that he wanted to go to school then.
গ. Asad told me that he wanted to go to school then.
ঘ. Asad told me that he wants to go to school then.

উত্তর✓ গ ব্যাখ্যা Direct speech থেকে Indirect speech এর রূপান্তরের নিয়ম :

'Reporting verb' এর 'said to' এর স্থলে told হবে; comma এবং inverted comma উঠে যাবে; conjunction হিসেবে that ব্যবহৃত হবে; reported speech এর 'subject' Reporting verb এর subject অনুযায়ী হবে এবং verb এর tense present indifinite tense এ পরিবর্তিত হবে; এবং সবশেষে 'now' এর স্থলে then হবে।

**৪৯. Abid said to me, 'I was ill" - বাক্যটির Indirect speech হবে-**

ক. Abid said to me that he was ill.
খ. Abid told me that he had been ill.
গ. Abid told me that I had been ill.
ঘ. Abid told me that he has been ill.

উত্তর✓ খ ব্যাখ্যা Reporting verb টি past indifinite tense হলে এবং Reported speech টি যদি past Indifinite tense থাকে তাহলে Indirect speech এ পরিবর্তন করতে হলে Reported speech টির verb form Past perfect tense এ পরিবর্তিত হয়। বাক্যে 'was' পরিবর্তিত হয়ে 'had been' হয়েছে।

**৫০. Penalty - এর সমার্থক শব্দ কোনটি?**

ক. Punishment খ. Pardon
গ. Reward ঘ. Compensation উত্তর ক

**৫১. Sacred- এর সমার্থক শব্দ কোনটি?**

ক. Secular খ. Evil
গ. Profane ঘ. Divine উত্তর ঘ

**৫২. সুষম পঞ্চভুজের বহিঃস্থ কোণের পরিমাণ হবে-**

ক. ৬০° খ. ৬৬°
গ. ৭০° ঘ. ৭২°

উত্তর✓ ঘ ব্যাখ্যা

সুষম পঞ্চভুজের বহিঃস্থ কোণের পরিমাণ $= \frac{৩৬০°}{৫} = ৭২°$

**৫৩. বায়ুতে জলীয়বাষ্পের পরিমাণ বেড়ে গেলে বায়ুচাপ-**

ক. কমে যায় খ. বেড়ে যায়
গ. স্থির থাকে ঘ. শূন্য হয়

উত্তর✓ ক ব্যাখ্যা বায়ু তার ওজনের জন্য চতুর্দিকে যে চাপ দেয় তাকে বায়ুর চাপ বলে। বায়ুতে জলীয় বাষ্পের পরিমান বৃদ্ধি পেলে বায়ু চাপ কমে যাবে। এর ফলে ঝড়ের সম্ভবন দেখা দেয়।

**৫৪. বিশ্ব স্বাস্থ্য সংস্থার (WHO) সদর দপ্তর কোথায় অবস্থিত?**

ক. রোমে খ. প্যারিসে
গ. জেনেভায় ঘ. হেগে

উত্তর✓ গ ব্যাখ্যা বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) প্রতিষ্ঠিত হয় ৭ এপ্রিল ১৯৪৮ সালে। WHO এর সদর দপ্তর সুইজারল্যান্ডের জেনেভায় অবস্থিত। WHO এর বর্তমান সদস্য দেশ ১৯৪ টি।

**৫৫. জাতিসংঘের প্রথম মহাসচিব কোন দেশের নাগরিক ছিলেন?**

ক. ঘানা খ. নরওয়ে
গ. ব্রিটেন ঘ. দক্ষিণ কোরিয়া

উত্তর✓ খ ব্যাখ্যা জাতিসংঘের প্রথম মহাসচিব ট্রিগভেলি নরওয়ের নাগরিক ছিলেন। জাতিসংঘের বর্তমান ও নবম মহাসচিব অ্যান্টনিও গুতেরেস পর্তুগালের নাগরিক।

**৫৬. নিরাপত্তা পরিষদের মোট সদস্য সংখ্যা কত?**

ক. ১২ খ. ১৩
গ. ১৪ ঘ. ১৫

উত্তর✓ ঘ ব্যাখ্যা জাতিসংঘের নিরাপত্তা পরিষদের মোট সদস্য দেশ ১৫ টি। স্থায়ী সদস্য ৫টি দেশ, অস্থায়ী সদস্য ১০টি দেশ। স্থায়ী সদস্য পাঁচটি দেশ হচ্ছে- যুক্তরাষ্ট্র, যুক্তরাজ্য, ফ্রান্স, রাশিয়া ও চীন। অস্থায়ী সদস্য দেশ নির্বাচিত হয় ২ বছরের জন্য। নিরাপত্তা পরিষদের সভাপতি এক মাসের জন্য নির্বাচিত হয়।

**৫৭. 'অপরাজেয় বাংলা'র ভাস্কর কে?**

ক. শিল্পী হামিদুজ্জমান খান খ. ভাস্কর নভেরা আহমেদ
গ. ভাস্কর সৈয়দ আবদুল্লাহ খালেদ ঘ. ভাস্কর শামীম শিকদার

উত্তর✓ গ ব্যাখ্যা 'অপরাজেয় বাংলা' ভাস্কর্যটি ঢাকা বিশ্ববিদ্যালয়ের কলা ভবনের সামনে অবস্থিত। 'অপরাজেয় বাংলা'র ভাস্কর সৈয়দ আব্দুল্লাহ খালেদ। ভাস্কর্যটি উদ্বোধন করা হয় ১৬ ডিসেম্বর ১৯৭৯ সালে।

**৫৮. নিম্নলিখিত ভগ্নাংশগুলোর মধ্যে কোনটি ক্ষুদ্রতম?**

ক. $\frac{২}{৩}$ খ. $\frac{৩}{৪}$
গ. $\frac{৫}{৯}$ ঘ. $\frac{৭}{১২}$

উত্তর✓ গ ব্যাখ্যা $\frac{২}{৩} = ০.৬৭$, $\frac{৩}{৪} = ০.৭৫$, $\frac{৫}{৯} = ০.৫৬$, $\frac{৭}{১২} = ০.৫৮$।

উক্ত ফলাফলসমূহের থেকে $\frac{৫}{৯} = ০.৫৬$ ক্ষুদ্রতম।

**৫৯. বাংলাদেশে রঙিন টেলিভিশন চালু হয় কবে?**

ক. ১৯৮০ সালে খ. ১৯৮১ সালে
গ. ১৯৮২ সালে ঘ. ১৯৮৩ সালে

উত্তর✓ ক ব্যাখ্যা বাংলাদেশের সরকারি 'বাংলাদেশ টেলিভিশন' (BTV)। 'বাংলাদেশ টেলিভিশন' যাত্রা শুরু করে ২৫ ডিসেম্বর ১৯৬৪ সালে। বাংলাদেশ টেলিভিশন রঙিন সম্প্রচার শুরু করে ১ ডিসেম্বর ১৯৮০ সালে।

**৬০. বাংলাদেশের মুক্তিযুদ্ধের সময় ঢাকা শহর কোন সেক্টরের অধীনে ছিল?**

ক. ১নং খ. ২নং
গ. ৩নং ঘ. ৪নং

উত্তর✓ খ ব্যাখ্যা মুক্তিযুদ্ধের সময় ঢাকা জেলা ২ ও ৩ নং সেক্টরের অধীনে ছিল। তবে ঢাকা শহর ২ নং সেক্টরের অধীনে ছিল। ২ নং সেক্টর কুমিল্লা, আখাউড়া- ভৈরব, ঢাকা শহর এবং ফরিদপুর ও নোয়াখালী জেলার অংশবিশেষ নিয়ে গঠিত হয়েছিল।

**৬১. স্ক্যান্ডিনেভিয়ান দেশ নয় কোনটি?**

ক. নরওয়ে খ. কেনিয়া
গ. ডেনমার্ক ঘ. ফিনল্যান্ড

উত্তর✓ খ ব্যাখ্যা স্ক্যান্ডিনেভিয়ান উত্তর ইউরোপের একটি অঞ্চল। এই অঞ্চলে ৫টি দেশ অবস্থিত। নরওয়ে, সুইডেন, ডেনমার্ক, ফিনল্যান্ড ও আইসল্যান্ড। এই অঞ্চল 'নর্ডিক অঞ্চল' নামেও পরিচিত। কেনিয়া পূর্ব আফ্রিকার একটি দেশ।

**৬২. কলম্বিয়া দেশটি কোন মহাদেশে অবস্থিত?**

ক. ইউরোপ খ. দক্ষিণ আমেরিকা
গ. আফ্রিকা ঘ. উত্তর আমেরিকা

উত্তর✓ খ ব্যাখ্যা কলম্বিয়া দক্ষিণ আমেরিকা মহাদেশের একটি দেশ। কলম্বিয়ার রাজধানী বোগোতা; ভাষা স্প্যানিশ এবং মুদ্রা পেসো। 'কলম্বিয়া' দেশটির নামকরণ করা হয়েছে কলম্বাসের নামানুসারে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

**৬৩. বিদ্যুৎ শক্তির বাণিজ্যিক একক কী?**

ক. ওয়াট খ. ওয়াট-ঘণ্টা
গ. জুল ঘ. কিলোওয়াট-ঘণ্টা

উত্তর ✓ ঘ ব্যাখ্যা এক কিলোওয়াট ক্ষমতাসম্পন্ন একটি তড়িৎযন্ত্র এক ঘণ্টায় যে শক্তি ব্যয় করে তাকে এক কিলোওয়াট-ঘণ্টা বলে। বিদ্যুৎ ব্যবস্থাপনায় কিলোওয়াট-ঘণ্টা একক ব্যবহার করে বিদ্যুৎ পরিমাপ ও কেনাবেচা করা হয়। একে বানিজ্যিক একক ও বলা হয়।

**৬৪. কোন রঙের বস্তুর তাপ শোষণ ক্ষমতা বেশি?**

ক. কালো খ. লাল
গ. বেগুনি ঘ. সাদা উত্তর ক

**৬৫. তাপ সঞ্চালনের দ্রুততম প্রক্রিয়া কোনটি?**

ক. পরিবহন খ. পরিচলন
গ. বিকিরণ ঘ. এর কোনোটিই নয়

উত্তর ✓ গ ব্যাখ্যা জড় মাধ্যম ছাড়া তাড়িত চৌম্বক তরঙ্গ আকারে উষ্ণ বস্তু হতে শীতল বস্তুতে তাপ সঞ্চালিত হওয়ার পদ্ধতিকেই তাপের বিকিরণ বলে। তাপ সঞ্চালণের দ্রুততম প্রক্রিয়া।

**৬৬. বায়ুমণ্ডলের কোন উপাদান অতি বেগুনি রশ্মিকে শোষণ করে?**

ক. হিলিয়ম খ. ওজোন
গ. অক্সিজেন ঘ. নাইট্রোজেন

উত্তর ✓ খ ব্যাখ্যা ভূ-পৃষ্ঠের ৬৫ মাইল উপরে অবস্থিত বায়ুমন্ডলের স্তরকে ওজনস্তর বলে। এটি মহাজাগতিক রশ্মি ও অতিবেগুণি রশ্মি শোষণ করে।

**৬৭. স্যালিক এসিড পাওয়া যায়-**

ক. কমলালেবুতে খ. টমেটোতে
গ. আমলকিতে ঘ. আঙ্গুরে উত্তর খ

**৬৮. টুথপেস্টের প্রধান উপাদান-**

ক. সাবান ও পাউডার খ. জেলি ও মসলা
গ. ফ্লোরাইড ও ক্লোরোফিল ঘ. ভোজ্য তেল ও সোডা

উত্তর ✓ ক ব্যাখ্যা দাঁত পরিষ্কারের জন্য টুথপেস্ট ব্যবহার করা হয়। এর প্রধান উপাদান সাবান ও পাউডার। এতে চক পাউডার ৩০% এবং সাবান থাকে ১৫%।

**৬৯. মাটির উর্বরতা বৃদ্ধিতে সাহায্য করে বায়ুর-**

ক. অক্সিজেন খ. নাইট্রোজেন
গ. হাইড্রোজেন ঘ. কার্বন ডাইঅক্সাইড

উত্তর ✓ খ ব্যাখ্যা নাইট্রোজেন বায়ুর প্রধান উপাদান। বায়ুর নাইট্রোজেন বিভিন্ন প্রক্রিয়ায় উদ্ভিদ ও প্রাণীর দেহে স্থানান্তরিত হয়। বায়ুর নাইট্রোজেন মৃত্তিকার উর্বরতা বৃদ্ধি করে।

**৭০. কোনটি একবীজপত্রী উদ্ভিদ নয়?**

ক. নারিকেল খ. গম
গ. ভুট্টা ঘ. কাঁঠাল

উত্তর ✓ ঘ ব্যাখ্যা যে সব উদ্ভিদের বীজে একটি বীজপত্র থাকে তাকে একবীজপত্রী উদ্ভিদ বলে। যেমন: ভুট্টা, নারকেল, গম প্রভৃতি।

**৭১. কোন ভিটামিন ক্ষতস্থান হতে রক্ত পড়া বন্ধ করতে সাহায্য করে?**

ক. ভিটামিক বি খ. ভিটামিন সি
গ. ভিটামিন কে ঘ. ভিটামিন বি$_2$ উত্তর গ

**৭২. বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয়?**

ক. ৪ বছর পরপর খ. ৫ বছর পরপর
গ. প্রতি বছর ঘ. ৩ বছর পরপর

উত্তর ✓ ক ব্যাখ্যা বিশ্বকাপ ফুটবল খেলা শুরু হয় ১৯৩০ সাল থেকে। বিশ্বকাপ ফুটবল অনুষ্ঠিত হয় ৪ বছর পরপর। বিশ্বকাপ ফুটবলের প্রথম ম্যাচ অনুষ্ঠিত হয় ফ্রান্স- মেক্সিকোর মধ্যে।

**৭৩. প্রথম বিশ্বকাপ ফুটবল খেলা অনুষ্ঠিত হয়েছিল?**

ক. ইতালিতে খ. উরুগুয়েতে
গ. ব্রাজিলে ঘ. মেক্সিকোতে

উত্তর ✓ খ ব্যাখ্যা

| আয়োজন | সাল | আয়োজক |
|---|---|---|
| প্রথম | ১৯৩০ | উরুগুয়ে |
| ২০তম | ২০১৪ | ব্রাজিল |
| ২১তম | ২০১৮ | রাশিয়া |
| ২২তম (হবে) | ২০২২ | কাতার |

**৭৪. সাত গম্বুজ মসজিদটির নির্মাতা-**

ক. মীর জুমলা খ. সুবেদার ইসলাম খান
গ. মুর্শিদকুলি খান ঘ. শায়েস্তা খান

উত্তর ✓ ঘ ব্যাখ্যা সাতগম্বুজ মসজিদ ঢাকার মোহাম্মদপুরে অবস্থিত মুঘল আমলে নির্মিত একটি মসজিদ। ১৬৮০ সালে মুঘল সুবেদার শায়েস্তা খান এর আমলে তার পুত্র উমিদ খাঁ মসজিদটি নির্মাণ করেন।

**৭৫. সাত গম্বুজ মসজিদে গম্বুজের সংখ্যা-**

ক. ৪টি খ. ৩টি
গ. ৫টি ঘ. ৭টি

উত্তর ✓ খ ব্যাখ্যা সাতগম্বুজ মসজিদে ৩টি গম্বুজ ও চারটি মিনার রয়েছে। মিনার চারটিকে গম্বুজ ধরে এই মসজিদের নাম হয়েছে সাত গম্বুজ মসজিদ।

**৭৬. লালবাগ কেল্লার নির্মাণকাজ আরম্ভ করেন-**

ক. ইসলাম খান খ. শায়েস্তা খান
গ. যুবরাজ মোহাম্মদ আযম ঘ. মীর জুমলা

উত্তর ✓ গ ব্যাখ্যা সম্রাট আওরঙ্গজেবের তৃতীয় পুত্র শাহজাদা মোহাম্মদ আজম শাহ লালবাগ কেল্লার নির্মাণ কাজ শুরু করেন ১৬৭৮ সালে। নির্মাণ কাজ সমাপ্ত করেন শায়েস্তা খান।

**৭৭. বেতবুনিয়া কোন জেলায় অবস্থিত?**

ক. ঢাকা খ. পাবনা
গ. চট্টগাম ঘ. রাঙ্গামাটি

উত্তর ✓ ঘ ব্যাখ্যা বেতবুনিয়া রাঙ্গামাটি জেলার কাউখালী উপজেলার একটি ইউনিয়ন। এখানে বেতবুনিয়া ভূ-উপগ্রহ কেন্দ্র অবস্থিত।

**৭৮. বেতবুনিয়া ভূ-উপগ্রহ কেন্দ্রটি স্থাপিত হয়-**

ক. ১৯৭৪ সালে খ. ১৯৭৫ সালে
গ. ১৯৭৬ সালে ঘ. ১৯৭৭ সালে

উত্তর ✓ খ ব্যাখ্যা বেতবুনিয়া ভূ-উপগ্রহ কেন্দ্রটি বাংলাদেশের প্রথম ভূ-উপগ্রহ কেন্দ্র। এটি রাঙ্গামাটি জেলায় স্থাপিত হয় ১৯৭৫ সালের ১৪ জুন।

**৭৯. বাংলাদেশ মেশিন টুলস কারখানা অবস্থিত-**

ক. গাজীপুরে খ. টঙ্গীতে
গ. নারায়ণগঞ্জে ঘ. খুলনাতে

উত্তর ✓ ক ব্যাখ্যা 'বাংলাদেশ মেশিন টুলস ফ্যাক্টরি' বাংলাদেশ সেনা বাহিনীর সামরিক যন্ত্রাংশ তৈরী ও যুক্তকরণের উদ্দেশ্যে ১১ ফেব্রুয়ারি ১৯৭৯ সালে প্রতিষ্ঠা করা হয়। এই প্রতিষ্ঠান গাজীপুরে অবস্থিত।

**৮০. বাংলাদেশের টেলিফোন শিল্প সংস্থা অবস্থিত-**

ক. কুমিল্লায় খ. চট্টগ্রামে
গ. টঙ্গীতে ঘ. সিলেটে

উত্তর ✓ গ ব্যাখ্যা টেলিফোন শিল্প সংস্থা (TSS) ১৯৬৭ সা প্রতিষ্ঠিত হয়। তখন এর নাম ছিলো 'Telephone Industri Corporation'. টেলিফোন শিল্প সংস্থা গাজীপুরের টঙ্গীতে অবস্থিত

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS